

সম্পর্কে সত্য

# মেন্ডল তামাকজাত পণ্য

মেন্ডল কি ?

মেন্ডল হল পুদিনার স্বাদযুক্ত পদার্থ যা তামাকজাত পণ্যে যোগ করা হয় যার ফলে ধূমপানের কর্কশতা কমে যায়।



## কেন মেন্ডল সমস্যাজনক?

মেন্ডল থাকা সিগারেট মেন্ডলহীন সিগারেটের মতোই ক্ষতিকারক, কিন্তু মেন্ডল থাকার ফলে তা **কিশোর-কিশোরীদের কাছে ধূমপান শুরু করা সহজ করে তোলে**। ধূমপানের কারণে দশ টিরও বেশি ধরনের ক্যান্সার, হৃদরোগ, স্ট্রোক, ডায়াবেটিস এবং অন্যান্য অনেক রোগ হতে পারে।



## মেন্ডল অল্পবয়স্কদের তামাকের প্রতি আসক্ত করে তোলে।

- আপনি কি জানেন যে সাম্প্রতিক বছরগুলিতে NYC-এর **অর্ধেকেরও বেশি** যুবক/যুবতী যারা সিগারেট খান তারা সাধারণত মেন্ডল সিগারেট পান করেন?
- যারা নন-মেন্ডল সিগারেট খান তাদের তুলনায় যে অল্পবয়স্করা মেন্ডল সিগারেট খান তাদের মধ্যে নিকোটিনে আসক্ত হওয়ার আরও লক্ষণ দেখা যায়।



## তামাক শিল্প কিশোর-কিশোরী ও কৃষাঙ্গ সম্প্রদায়ের জন্য মেন্ডল জাতীয় তামাক পণ্যের বিজ্ঞাপন প্রচার করে।

- বর্ণ-ভিত্তিক সম্প্রদায়গুলির জন্য উদ্দিষ্ট বিপণন ধূমপানকারী কৃষাঙ্গ মানুষদের মধ্যে মেন্ডল ব্যবহারের বৃদ্ধিতে অবদান রেখেছে, যা **1950-এর দশকে 5% থেকে আজ জাতীয়ভাবে 85%**। NYC-তে, 89% ধূমপানকারী কৃষাঙ্গ প্রাপ্তবয়স্ক এবং 68% ধূমপানকারী ল্যাটিনো প্রাপ্তবয়স্করা মেন্ডল সিগারেট ব্যবহার করেন।
- তামাক শিল্প যুব সমাজকে তামাকে আসক্ত করে তুলতে মেন্ডল সিগারেটকে **“স্টার্টার” পণ্য** হিসেবে তৈরী করে।



## তামাক শিল্প কীভাবে মেন্ডল সিগারেট বিক্রয় করে?

- প্রতি বছর, মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম তামাক কোম্পানিগুলি সমস্ত তামাকজাত পণ্যের বিপণনের জন্য প্রায় **\$8 বিলিয়ন** খরচ করে। এটি প্রায় এক ঘন্টায় \$1 বিলিয়ন!
- মার্কিন যুক্তরাষ্ট্রে বিক্রি হওয়া প্রতি তিনটি সিগারেটের মধ্যে একটির বেশি মেন্ডল সিগারেট।

## সম্প্রদায়গুলি কী করতে পারে?

- দেশ জুড়ে সম্প্রদায় এবং আস্থা ভিত্তিক সংগঠনগুলি তাদের এলাকায় মেন্ডল জাতীয় তামাক আটকানোর জন্য সংগঠিত হয়েছে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের অনেক শহর যেমন সান ফ্রান্সিসকো এবং মিনিয়াপলিস মেন্ডল এবং অন্যান্য স্বাদের তামাক জাতীয় পণ্য নিষিদ্ধ করেছে অথবা স্কুল ও পার্কের কাছাকাছি মেন্ডল জাতীয় তামাক পণ্যের বিক্রয় সীমিত করেছে।



সম্প্রদায়ে তামাকের বিরুদ্ধে লড়াই করতে আপনি কী করবেন তা শিখতে আপনার স্থানীয় ধূমপান-মুক্ত অ্যাডভোকেসি গ্রুপের সাথে যোগাযোগ করুন, বা [tobacco@health.nyc.gov](mailto:tobacco@health.nyc.gov) -এ ইমেল করুন।

**NYC**  
Health